

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
এসএসসি পরিক্ষা-২০২১ এর
২য় প্রস্তুতিমূলক মূল্যায়ন
বিষয় – অর্থনীতি

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান-১০০

ক-বিভাগ –সংক্ষিপ্ত প্রশ্ন- ৩০

- ১। Wealth of Nations গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছে?
- ২। বাণিজ্যের পূর্বশর্ত কী?
- ৩। "অর্থনীতি হলো সম্পদের বিজ্ঞান"- উক্তিটি কে করেছেন?
- ৪। " অর্থনীতি মানব জীবনের সাধারণ কার্যাবলী আলোচনা করে"- উক্তিটি কার?
- ৫। কোন দেশে মিশ্র অর্থ ব্যবস্থা চালু রয়েছে?
- ৬। কোনটি থেকে Economics এর উৎপত্তি হয়েছে?
- ৭। আয় - ভোগ=?
- ৮। কোন দ্বীপে গন্ধক পাওয়ার সম্ভাবনা দেখা গিয়েছে?
- ৯। "সূর্যের আলো" অর্থনৈতিক সম্পদ নয়- সম্পদের কোন বৈশিষ্ট্যটি এখানে অনুপস্থিত?
- ১০। উপযোগ নেই এমন দ্রব্য মানুষ কী করে?
- ১১। প্রাকৃতিক ও মানবিক সম্পদ কাজে লাগিয়ে যে সম্পদ সৃষ্টি হয়, তাকে কী বলে?
- ১২। বাংলাদেশের বনভূমির পরিমাণ মোট ভূখণ্ডের কত ভাগ?
- ১৩। ভোগকৃত দ্রব্যের উপযোগ কীভাবে পরিমাপ করা হয়?
- ১৪। চাহিদার সাথে দামের কী ধরনের সম্পর্ক বিদ্যমান?
- ১৫। কিসের উপর ভিত্তি করে চাহিদা রেখা অঙ্কন করা হয়?
- ১৬। "বাইন" কোন বনভূমির বৃক্ষ?
- ১৭। প্রান্তিক উপযোগ কীভাবে বাড়ে?
- ১৮। যে দামে চাহিদা ও যোগান সমান হয়, তাকে কী বলে?
- ১৯। বাংলাদেশের জাতীয় আয় হিসাবের কাজটি করে থাকে কোন প্রতিষ্ঠান?
- ২০। ব্যয় পদ্ধতিতে জাতীয় আয় কী?
- ২১। ভূমি হতে প্রাপ্ত আয়কে কী বলে?
- ২২। মোট দেশজ উৎপাদনের সাথে কি যোগ করে মোট জাতীয় আয় পাওয়া যায়?
- ২৩। জাতীয় আয় কয়ভাবে পরিমাপ করা যায়?
- ২৪। জিডিপি হিসাব বহির্ভূত কাজ কোনটি?
- ২৫। " একটি দেশ দরিদ্র, কারণ সে দরিদ্র "- উক্তিটি কার?
- ২৬। এসএসএস (SSS) কত সালে আত্মপ্রকাশ করে?
- ২৭। মূল্যস্ফীতি ও বেকারত্বের মধ্যে সম্পর্ক কীরূপ?
- ২৮। মানব সম্পদ উন্নয়নের পদ্ধতি কোনটি?
- ২৯। বছরের যে সময় কৃষি শ্রমিক সুযোগ থেকে বঞ্চিত হয়, তাকে কি বলে?
- ৩০। দারিদ্র্যের দুই চক্র ধারণাটির প্রবর্তক কে?

খ-বিভাগ-সৃজনশীল অংশ- ৭০

- ১। শিবলু বাজারে চিনি কিনতে গিয়ে দেখলেন যে চিনির দাম অনেক বেশি পাশে দাড়িয়ে থাকা একজন ক্রেতা বললো- রাস্তার ওপারে এই চিনি সরকারি বিক্রয় কেন্দ্রে ন্যায্য মূল্যে বিক্রয় হচ্ছে।
 - ক) অর্থনীতিবিদ এল.রবিম্পের অর্থনীতির সংজ্ঞাটি লিখ।
 - খ) সুযোগ ব্যয় বলতে কী বোঝায়?
 - গ) আমাদের দেশের কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?- ব্যাখ্যা কর।
 - ঘ) উদ্দীপকে বর্ণিত অর্থব্যবস্থা সাধারণ মানুষের জীবনযাত্রার মানের বৃদ্ধির সহায়ক- বিশ্লেষণ কর।

২। করিম মিয়া একজন বর্গাচাষী। তার পরিবারের লোকসংখ্যাও অধিক। এতো বড় পরিবার চালাতে তাকে হিমশিম খেতে হয়। যার দরুন তার পরিবার বিভিন্ন সমস্যায় জর্জরিত। তারপরও সে প্রত্যেকের সমস্যা সমাধানে বিভিন্ন উপায়ে সমন্বয় সাধন করছেন।

ক) অর্থনৈতিক কার্যাবলি কী?

খ) আমাদের দেশকে উন্নয়নশীল দেশ বলা হয় কেন?

গ) করিম মিয়াকে সীমিত সম্পদের জন্য কী কী সমস্যার সম্মুখীন হতে হয়?- ব্যাখ্যা কর।

ঘ) করিম মিয়া কী সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে তার সমস্যা দূর করতে পারে বলে তুমি মনে কর- বিশ্লেষণ কর।

৩। A : ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী।

B : শারীরিক যোগ্যতা, প্রতিভা, উদ্যোগ, দক্ষতা, সাংগঠনিক ক্ষমতা।

ক) বিনিয়োগ কী?

খ) মূলধনী দ্রব্য বলতে কী বোঝায়?

গ) "B" তালিকার বিষয়গুলো অর্থনীতিতে কোন ধরনের সম্পদ? - ব্যাখ্যা কর।

ঘ) দেশের অর্থনৈতিক উন্নতি "A" ও "B" সম্পদগুলোর উপরে কী নির্ভরশীল - বিশ্লেষণ কর।

৪। মালয়েশিয়া প্রবাসী সফি তার উপার্জিত টাকার কিছু অংশ দেশে পাঠায়। আবার কানাডার নাগরিক রিচার্ড বাংলাদেশে প্রতিষ্ঠান পরিচালনা করে প্রচুর অর্থ উপার্জন করে।

ক) মাথাপিছু জিডিপি সূত্রটি কী?

খ) জাতীয় আয় পরিমাপে আয় পদ্ধতি বলতে কী বোঝায়?

গ) রিচার্ডের আয় আমাদের দেশে যে ধরনের আয়ের অন্তর্গত, সেটি ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে উল্লিখিত দুইজন ব্যক্তির আয়ের তুলনামূলক চিত্র তুলে ধর।

৫। বাংলাদেশের মানুষ বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে উৎপাদন কাজে জড়িত। বিপরীতক্রমে বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে বিশ্বের অনেক দেশের বিনিয়োগ রয়েছে। এতে শুধু বিনিয়োগকারী লাভবান হচ্ছে না, বাংলাদেশের মানুষও লাভবান হচ্ছে।


ক) জিডিপি কী?

খ) মোট দেশজ উৎপাদন ও জাতীয় আয়ের মধ্যে পার্থক্য কী?

গ) জিডিপি গণনার ক্ষেত্রে মাধ্যমিক দ্রব্য ও সেবা অন্তর্ভুক্ত না করার কারণ কী?- ব্যাখ্যা কর।

ঘ) বাংলাদেশের জাতীয় আয় পরিমাপের জন্য কোন পদ্ধতিটি অধিক যুক্তিযুক্ত হবে বলে তুমি মনে কর- বিশ্লেষণ কর।

৬।



ক) অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে?

খ) সুসম ও অসম বাজেটের মধ্যে পার্থক্য লিখ।

গ) উদ্দীপকে চক্রাকার প্রবাহটি কী নির্দেশ করে- ব্যাখ্যা কর।

ঘ) বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে উক্ত সমস্যা ছাড়াও আর কী সমস্যা পরিলক্ষিত হয়- বিশ্লেষণ কর।

৭। সজিব ও শাওন দুই বন্ধু। দুজনেই এম.এ পরিক্ষায় ভালো ফলাফল করেছে। সজিবের বাবা সম্পদশালী হওয়ায় সে চাকরি না খুঁজে স্বাধীন জীবনযাপন করছে। অপরদিকে, শাওন দরিদ্র পিতার সন্তান হওয়াতে কাজ খুঁজছে, কিন্তু কাজ পাচ্ছে না।

ক) অর্থনৈতিক উন্নয়ন কী?খ) ছদ্মবেশী বেকারত্ব বলতে কী বোঝায়?

গ) বেকারত্ব দূরীকরণে যেসব পদক্ষেপ নেয়া যেতে পারে বলে তুমি মনে কর, সেগুলো বর্ণনা কর।

ঘ) "মানব সম্পদ কাজে লাগাতে পারলে একদিন বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে"- উক্তিটির মূল্যায়ন কর।